# ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়

বাগমারা, রাজশাহী

স্থাপিত ঃ ২০০০ ইং।

www.bhawanigonjpaurashava.gov.bd

স্মারক নং- ৪৬.৪৩.৮১১২.০২৫.২৮.০০২.২৪-৫৪

তারিখঃ ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৬/০২/২০২৫ খ্রিষ্টাব্দ

## " হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি- বাংলা-১৪৩২ সন",বিজ্ঞপ্তি নং-০১/২০২৪-২০২৫ইং

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভবানীগঞ্জ পৌরসভাধীন হাট-বাজার সমূহ বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে, চৈত্র পর্যন্ত (এক) বছর মেয়াদে সম্পূর্ন অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/ইজারাদারগণের নিকট হইতে সরকার কর্তৃক আরোপিত শর্তসম্বলিত সিডিউল ফরমে হাট-বাজারের নাম উল্লেখ পূর্বক সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে,প্রশাসক,ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী'র অনুকুলে অবশ্যই দাখিল করতে হবে এবং ভবানীগঞ্জ হাট-বাজারের ক্ষেত্রে পৌরসভার হালনাগাদ ট্রেড লাইসেন্স (ইজারা সংক্রান্ত) দরপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রতিটি হাট-বাজারের জন্য বিস্তারিত শর্ত সম্বলিত প্রতি সেট দরপত্র নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) তফশীলে ০৬ নং কলামে বর্ণিত সময় সুচী মোতাবেক (ক) ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়, রাজশাহী (খ) জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা),(গ) উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাগমারা, রাজশাহী এর কার্যালয়, (ঘ) সহকারী কমিশনার (ভূমি) বাগমারা, রাজশাহী, এর কার্যালয়, (ঙ) বাগমারা থানা ও সোনালী ব্যাংক পিএলসি, ভবানীগঞ্জ শাখা রাজশাহী হইতে অফিস চলাকালিন সময় (বিকাল ৫.০০ ঘটিকা) পর্যন্ত ক্রয় করা যাবে। দরপত্র তফশীলে ০৭ নং কলামে উল্লেখিত সময়সুচী অনুযায়ী (ক) ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়, রাজশাহী (খ) জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা),(গ) উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাগমারা, রাজশাহী এর কার্যালয় এবং পুলিশ সুপার, রাজশাহী এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত দরপত্র গ্রহন করা হবে এবং ঐ দিনই বিকাল ৩.৩০ ঘটিকায় সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়ে খোলা হবে। হাট-বাজার ইজারা নীতিমালা মোতাবেক প্রথমবার কাংখিত ইজারা মূল্য পাওয়া না গেলে তফশীলে ০৬ ও ০৭ নং কলামে বর্ণিত সময়সুচী মোতাবেক উপরে উল্লেখিত দপ্তরসমূহে কার্যক্রম অব্যাহত রাখা হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য/ শর্তাবলী সিডিউল বিক্রয়ের দিন পর্যন্ত অফিস চলাকালিন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে এবং পৌরসভা ওয়েব সাইটে পাওয়া যাবে (http://www.bhawanigonjpaurashava.gov.bd)।

### "তফশীল "(বাংলা ১৪৩২ সনের হাট-বাজার ইজারা ক্যালেন্ডার)

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ৩ বছরের গড় মূল্য | ৬% বৃদ্ধিতে সরকারি মূল্য | সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের তারিখ (দুপুর ১টা পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১। | ভবানীগঞ্জ হাট-বাজার | ৯৭,৭০,৩৩৩/= | ১,০৩,৫৬,৫৫৩/= | ২১,৪০০/= | ১ম বার ২৩-০২-২০২৫ খ্রিঃ<br>২য় বার ০৯-০৩-২০২৫ খ্রিঃ<br>৩য় বার ২৩-০৩-২০২৫ খ্রিঃ<br>৪র্থ বার ০৬-০৪-২০২৫ খ্রিঃ | ১ম বার ২৪-০২-২০২৫ খ্রিঃ<br>২য় বার ১০-০৩-২০২৫ খ্রিঃ<br>৩য় বার ২৪-০৩-২০২৫ খ্রিঃ<br>৪র্থ বার ০৭-০৪-২০২৫ খ্রিঃ |
| ০২। | শিবজাইট হাট-বাজার | ৬৮৩৩/= | ৭২৪৩/= | ৫০০/= | | |

### বিশেষ শর্তাবলী :-

০১। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকার ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসাবে আলাদা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের আকারে প্রেরণ করতে হবে যা সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার, ড্রেন ও কসাইখানা পরিষ্কার পরিছন্নতা না করিলে বা হাটের কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর শেষে অব্যবহৃত অর্থ জমাকারীর অনুকুলে প্রত্যার্পণ করা হবে।

০২। ভবানীগঞ্জ হাট-বাজারের ক্ষেত্রে পৌরসভার হালনাগাদ ট্রেড লাইসেন্স (ইজারা সংক্রান্ত) দরপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

০৩। সর্বোচ্চ দরদাতার উদ্ধৃতদর কর্তৃপক্ষের কাছে সন্তোষজনক বলে বিবেচিত ও অনুমোদিত হলে দরদাতাকে অবহিত করার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে উদ্ধৃত মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের এর মাধ্যমে প্রশাসক ভবানীগঞ্জ পৌরসভার অনুকুলে জমা দিতে হবে এবং ইজারা মূল্যের উপর ১৫% (শতকরা পনের ভাগ) হারে ভ্যাট এবং ১০% (শতকরা দশ ভাগ) হারে আয়কর প্রদান করতে হবে। এছাড়া ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কর্তৃপক্ষের সাথে শর্ত সম্বলিত ইজারা চুক্তিপত্র সম্পাদন পূর্বক হাটবাজারের বাস্তব দখল হস্তান্তর করা হবে।

০৪। দরপত্রদাতাকে দরপত্রের সহিত গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি এবং ভোটার আইডি কার্ড অথবা সংশ্লিষ্ট নিজ বাসস্থান এলাকার প্রশাসক/চেয়ারম্যান কর্তৃক প্রদও নাগরিক সনদপত্র দাখিল করতে হবে।

০৫। সরকার অনুমোদিত টোল রেট কার্যকর হবে।

০৬। অনুমোদনকৃত টোল আদায়ের তালিকা অনুয়ারী হাট-বাজারে টোল আদায় করতে হবে এবং টোল আদায়ের তালিকা হাট-বাজারের প্রকাশ্য স্থানে নিজ খরচে টাঙ্গিয়ে রাখতে হবে।

০৭। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

০৮। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন ।

০৯। সরকারী হাট-বাজার ইজারা নীতিমালার যাবতীয় শর্তাবলী এবং সরকার কর্তৃক জারীকৃত যে কোন শর্তাবলী দরপত্রের অংশ হিসাবে গণ্য হবে।

১০। **কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যেকোন দরপত্র গ্রহন কিংবা বাতিলের ক্ষমতা সহ যেকোন দরদাতার দর বহাল রেখে পূনঃ দরপত্র আহবানের ক্ষমতা সংরক্ষন করেন।**

১১। বাংলা ১৪৩২ সানের ১লা বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

১২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজার এর সরকারি মূল্যের কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

১৩। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

১৪। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৫। প্রত্যেক হাট-বাজার এর জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১৬। ইজারদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১৭। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৮। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৯। নির্ধারিত কর্তৃপক্ষ হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
২০। হাট-বাজার এর ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন-১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
২১। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
২২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজার এর ১৪৩২ বাংলা সনের সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনঃরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
২৩। হাট-বাজার জন্য আলাদা দরপত্র দাখিল করতে হবে। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।
২৪। দরদাতাকে দরপত্রের সাথে ভ্যাট ও হাল নাগাদ আয়কর সার্টিফিকেট দাখিল করতে হবে।
২৫। হাট-বাজার প্রত্যেক মহালের সীমানা বহাল থাকবে। মহালের অন্তর্গত কোন জায়গা একমাত্র টোল আদায় ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
২৬। ঝাড়ুদার কর্তৃক কোন টোল আদায় করা যাবে না। ঝাড়ুদারের বেতন ইজারাদার বহন করবেন।
২৭। ইজারা গ্রহীতা কর্তৃক হাট-বাজার এর মধ্যে কোন নালা/কুপ খনন, গাছ কাটা বা অন্য কোন সম্পত্তি বিনষ্ট করা যাবে না।
২৮। হাট-বাজার এর পেরী-ফেরীভুক্ত খাসমহালের অর্ন্তগত কোন ভিটি বাৎসরিক বা খন্ডকালীন পত্তন বাবদ কোন ব্যবসায়ীর নিকট হতে অর্থ আদায় করা যাবে না।
২৯। হাট-বাজার এর খালি জমিতে কোন প্রকার অবকাঠামো নির্মাণ, কোন প্রকার ক্ষতি বা সীমানা সংকোচন করা যাবে না।
৩০। ১ম বার প্রাপ্ত দরপত্র সমূহের মধ্যে সর্বোচ্চ দর গৃহীত হলে তফসিলে বর্ণিত পরবর্তী তারিখগুলো বিবেচিত হবে না অর্থাৎ যে তারিখে প্রাপ্ত সর্বোচ্চ দর গৃহীত হবে ইহার পরবর্তী তারিখগুলো স্বাভাবিক ভাবেই বাতিল বলে গণ্য হবে।
৩১। সরকারি হাট-বাজার ইজারা নীতিমালার যাবতীয় শর্তাবলী এবং সরকার কর্তৃক জারীকৃত যে কোন শর্তাবলী দরপত্রের অংশ হিসাবে গণ্য হবে।

05.02.2025
(মোঃ নাহিদ হোসেন)
প্রশাসক
ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।

স্মারক নং- ৪৬.৪৩.৮১১২.০২৫.২৮.০০২.২৪-৫৪(২৪)

তারিখঃ ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৬/০২/২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। জেলা প্রশাসক, রাজশাহী।
০৫। সিভিল সার্জন, রাজশাহী।
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০৬। পুলিশ সুপার, রাজশাহী। তাঁকে উল্লেখিত ধার্য্য তারিখে দরপত্র সিডিউল গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। তাঁকে উল্লেখিত ধার্য্য তারিখে দরপত্র সিডিউল বিক্রয়সহ দরপত্র গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী। তাঁকে উল্লেখিত ধার্য্য তারিখে দরপত্র সিডিউল বিক্রয়সহ দরপত্র গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৯। সহকারী কমিশনার (ভুমি), বাগমারা, রাজশাহী।
১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, ভবানীগঞ্জ শাখা, রাজশাহী। তাঁকে উল্লেখিত ধার্য্য তারিখে দরপত্র সিডিউল বিক্রয়সহ দরপত্র গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
১১। অফিসার-ইন-চার্জ, বাগমারা থানা, রাজশাহী। তাঁকে উল্লেখিত ধার্য্য তারিখে দরপত্র সিডিউল বিক্রয়সহ দরপত্র গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
১২। প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য (সকল) ভাবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১৩ সহকারী প্রকৌশলী, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১৫। ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা, পৌর ভুমি অফিস, বাগমারা, রাজশাহী।
১৬। মো: হাফিজুর রহমান প্রাং, পিতা: মৃত ডোমন আলী প্রাং,ভবানীগঞ্জ,বাগমার, রাজশাহী। ইজারাদার বাংলা ১৪৩১, ভবানীগঞ্জ হাট-বাজার।
১৭। এস. এম. বজলুর রহমান, পিতা: এস. এম. ইয়াছিন আলী, কর্নিপাড়া, বাগমারা, রাজশাহী। ইজারাদার বাংলা ১৪৩১, শিবজাইট হাট-বাজার।
১৮। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক কালবেলা, ঢাকা ও উত্তরা প্রতিদিন/সানশাইন, রাজশাহী তাকে স্বল্প পরিসরে ১ (এক) দিন সংক্ষিপ্ত (4" X ৪ কলাম) আকারে ভিতরের পাতায় প্রকাশ পুর্বক ডিএফপি রেইট সহ অত্র কার্যালয়ে ২ (দুই) ফর্দ বিল দাখিলের জন্য অনুরোধ করা হইল।
১৯। পৌরসভা ওয়েব সাইট **(http://www.bhawanigonjpaurashava.gov.bd)**
২০। অত্রাফিস নোটিশ বোর্ড।

05.02.2025
(মোঃ নাহিদ হোসেন)
প্রশাসক
ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।